

স্মারক নং- ইআবি/জনসংযোগ,ত.ও প./সংবাদ বিজ্ঞপ্তি/২০২০/০০৩০৭

তারিখ : ১৪-১০-২০২৪ খ্রিস্টাব্দ

বরাবর

সম্পাদক

সকল দৈনিক পত্রিকা ও ইলেকট্রনিক মিডিয়া

দৃষ্টি আকর্ষণ : বার্তা সম্পাদক/ চীফ রিপোর্টার/ শিক্ষা রিপোর্টার।

বিষয়: সংবাদ বিজ্ঞপ্তি প্রচার প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের নিম্নোক্ত সংবাদ বিজ্ঞপ্তিটি আপনার বহুল প্রচারিত দৈনিক পত্রিকা /ইলেকট্রনিক মিডিয়া/ অনলাইন মিডিয়াসহ সকল প্রচার মাধ্যমে প্রকাশ করার জন্য অনুরোধ জানাচ্ছি।

সংবাদ বিজ্ঞপ্তি



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর হিসেবে যোগদান করেছেন

প্রফেসর ড. মোহাম্মদ শহীদুল ইসলাম

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের নতুন প্রো-ভাইস চ্যান্সেলর হিসেবে যোগদান করেছেন বিশিষ্ট ইসলামি চিন্তাবিদ ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের আরবী বিভাগের প্রফেসর ড. মোহাম্মদ শহীদুল ইসলাম।

শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সরকারি সাধারণ বিশ্ববিদ্যালয় শাখার এক প্রজ্ঞাপনের আলোকে গত বুধবার (০৯.১০.২০২৪) তিনি যোগদান করেন। নবনিযুক্ত প্রো-ভাইস চ্যান্সেলরকে বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী বরণ করে নেন। এ সময় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও কর্মকর্তা-কর্মচারীদের উদ্দেশ্যে প্রো-ভাইস চ্যান্সেলর বলেন, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় পরিবারের একজন সদস্য হতে পেরে আমি গর্বিত। মাদরাসা শিক্ষা ব্যবস্থাকে সকল পর্যায়ে একটি আধুনিক, যুগোপযোগী, নৈতিক ও মূল্যবোধসম্পন্ন মানসম্মত শিক্ষা ব্যবস্থার আলোকে একটি দক্ষ মানব সম্পদ গড়ে তোলাই আমাদের লক্ষ্য। সততা ও ন্যায়নিষ্ঠা বজায় রেখে একসাথে কাজ করার মধ্য দিয়ে এ লক্ষ্য বাস্তবায়নের আস্থান জানান প্রফেসর ড. মোহাম্মদ শহীদুল ইসলাম।

এরপর জুলাই বিপ্লবে শহিদদের আত্মার মাগফেরাত কামনা, আহতদের দ্রুত সুস্থতা এবং বিশ্ববিদ্যালয়ের সার্বিক উন্নয়ন কামনা করে দোয়া ও মোনাজাত করা হয়।



(মোঃ আইউব হোসেন)

রেজিস্ট্রার

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

অনুলিপি:

১. আইসিটি শাখা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
২. অফিস নথি।